দৈনিক ইত্তেফাক

২২/৮/২০০৩

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# সেনবাগে দুই সহোদর অধ্যক্ষ উপাধ্যক্ষের কোন্দলে মাদ্রাসা ভাংচুর ॥ ক্লাস বন্ধ

নোয়াখালী সংবাদদাতা ॥ সেনবাগ উপজেলা সদরের ফাজিল মাদ্রাসার- অধ্যক্ষ ইসরাইল আজাদ ও তাহার ছোট ভাই উপাধ্যক্ষ আবু নোমানের মধ্যে সৃষ্ট বিরোধকে কেন্দ্র করিয়া গত বুধবার আবু নোমানের বহিরাগত সমর্থকরা মাদ্রাসার অফিস ও ক্লাস কক্ষসমূহ ভাংচুর চালাইয়া আসবাবপত্রের ব্যাপক ক্ষতিসাধন করে। এক পর্যায়ে বড় ভাই অধ্যক্ষকে রুমে তাহারা তালা বন্ধ করিয়া আটকাইয়া রাখে। পরে পুলিশ তাহাকে উদ্ধার করে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এই ঘটনার পর গত বৃহস্পতিবার মাদ্রাসা পরিচালনা কমিটি আগামী এক সপ্তাহ ক্লাস বন্ধের ঘোষণা দেয়। একজন শিক্ষক জানান, উপাধ্যক্ষ আবু নোমানের বিরুদ্ধে অনিয়ম ও অযোগ্যতার অভিযোগ আনিয়া মাদ্রাসা পরিচালনা কমিটি তাহাকে পদাবনতি দিয়া প্রভাষকের দায়িত্ব প্রদান করে এবং উপাধ্যক্ষ হিসাবে পূর্বে গ্রহণকৃত বেতন ভাতাদি ফেরত দেওয়ার জন্য গত ১৬ই জুলাই সিদ্ধান্ত গ্রহণ করে। এই ঘটনা নিয়া দুই ভাইয়ের মধ্যে তিক্ততা চরম পর্যায়ে পৌঁছে। ঘটনার দিন বাবুপুর ও অর্জুনতলা এলাকার প্রায় দেড় শতাধিক বহিরাগত আবু নোমান সমর্থক তাহাকে পূর্ব পদে বহাল ও অধ্যক্ষের অপসারণ দাবীতে বিক্ষোভ মিছিল করিয়া এক পর্যায়ে মাদ্রাসায় ব্যাপক ভাংচুর চালায়। এই মাদ্রাসায় অধ্যক্ষ উপাধ্যক্ষ ও দুই প্রভাষক পদে ৪ ভাই কর্মরত রহিয়াছে বলিয়া জানা যায়।